



বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী

(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০

www.smfb.gov.bd

স্মারক নং: বারচিঅ/ ৯৬/২৩/২৫৬০(ছ)

তারিখ: ২০/১২/২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: মিড লেভেল অপথ্যালমিক এ্যাসিস্টেন্ট (MLOP) কোর্স ২০২৪ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিষয়ক।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রিত এক বৎসর মেয়াদী MLOP Ophthalmic Assistant Certificate Course জানুয়ারী ২০২৪ শিক্ষাবর্ষে ছাত্র/ছাত্রীদের ভর্তি ও নিবন্ধিকরণের জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করার অনুরোধ করা হইল।

নিয়মাবলী:-

- ৩১ ডিসেম্বর, ২০২৩ অফিস সময়ের মধ্যে ছাত্র/ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন করিতে হইবে এবং ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রী নামের তালিকা (পিতা ও মাতার নামসহ) অনুষদে প্রেরণ করিতে হইবে। উক্ত তারিখের প্রেরিত তালিকার বাহিরে কোন ছাত্র/ছাত্রী অনুষদে নিবন্ধিকরণ করা যাইবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সনদ ও মার্কশীটের ফটোকপি (যে কোন ১টি) প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করতঃ সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড কর্তৃক যাচাই করিয়া বিলম্ব ফি ছাড়া ফেব্রুয়ারি ২০২৪ মাসের শেষ কর্মদিবসের মধ্যে রেজিঃ ফি ও পুরণকৃত রেজিঃ ফরমসহ অনুষদে প্রেরণ করিতে হইবে। (নির্দিষ্ট তারিখের মধ্যে সম্পূর্ণ কাগজপত্র সহ প্রেরণ করতে ব্যর্থ হইলে উহা বিলম্ব ফি এর আওতাভুক্ত হইবে)।
- নিবন্ধিকরণ ফি ছাত্র/ছাত্রী প্রতি- ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।
- ফেব্রুয়ারি ২০২৪ মাসের শেষ কর্মদিবসের পর নিবন্ধিকরণ ফি এর সাথে অতিরিক্ত প্রতি মাসে ছাত্র প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে ছাত্র-ছাত্রী প্রতি বিলম্ব ফি সহ পরবর্তী ২ (দুই) মাস (মার্চ/২০২৪ হইতে এপ্রিল/২০২৪) পর্যন্ত নিবন্ধিকরণ করা যাইবে।

(ডাঃ মোঃ জাহিদুর রহমান)

সচিব

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

ই-মেইল: smf.secy@gmail.com

ফোন: ২২৩৩৮৪০৪৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

এমএলওপি প্রতিষ্ঠান সমূহ :

১. অধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি ও চক্ষু হাসপাতাল (বিকো), শংকরপুর, আলেখারচর, বিশ্বরোড, কুমিল্লা।
২. অধ্যক্ষ, ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ফার্মগেট, ঢাকা।
৩. অধ্যক্ষ, ময়মনসিংহ বিএনএসবি ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি, ময়মনসিংহ।
৪. অধ্যক্ষ, কুমুদিনী মেডিকেল টেকনোলজি ইনস্টিটিউট, মির্জাপুর, টাঙ্গাইল।
৫. অধ্যক্ষ, সরকারি শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।
৬. অধ্যক্ষ, বেসরকারি দীপ ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি, রংপুর।
৭. অধ্যক্ষ, চট্টগ্রাম লায়স আই ইনস্টিটিউট এন্ড হসপিটাল, জাকির হোসেন রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।